গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৯৩ তারিখ: ৪ আষাঢ় ১৪২৮
১৮ জুন ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

# দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন

তারিখঃ ১৮.০৬.২০২১খ্রিঃ, সময়ঃ দুপুর ২.০০ টা

**সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ**

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

**১৮ জুন ২০২১ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

রংপুর, দিনাজপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, সিলেট, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম ও কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণপূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**১৮ জুন ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক**
**অবস্থাঃ** মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগরে অবস্থান করছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।

**পূর্বাভাসঃ** ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর, রাজশাহী, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে।সেই সাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টিপাতের প্রবনতা কমতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৩.০ | ৩২.০ | ৩২.৫ | ৩৪.৭ | ৩১.০ | ৩৩.০ | ২৮.৪ | ৩১.২ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৩.৫ | ২৪.৭ | ২৩.৫ | ২৪.৭ | ২৪.৫ | ২৪.৮ | ২৩.২ | ২৫.২ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল শ্রীমঙ্গল ৩৪.৭ $^{o}$ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা চুয়াডাংগা ২৩.২ $^{o}$ সেঃ। (সূত্রঃবাংলাদেশআবহাওয়াঅধিদপ্তর, ঢাকা।)

## এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে যা আগামী ২৪ ঘণ্টায় স্থিতিশীল থাকতে পারে।
- গঙ্গা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে, অপরদিকে পদ্মা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- কুশিয়ারা ব্যতীত দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- তিস্তা নদীর পানি সমতল আগামী ২৪ ঘন্টায় বৃদ্ধি পেতে পারে এবং ডালিয়া পয়েন্টে স্বল্প সময়ের জন্য বিপদসীমা অতিক্রম করতে পারে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের গাণিতিক মডেলের তথ্য অনুযায়ী, আগামী ৭২ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল, পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলীয় কক্সবাজার সহ অন্যান্য জেলা এবং তৎসংলগ্ন অঞ্চলে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস আছে। এর ফলে এই সময়ে এ অঞ্চলের নদীসমূহের পানি সমতল সময় বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে এবং কোথাও কোথাও আকস্মিক বন্যা সংঘটিত হতে পারে।

## বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ০৪ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ/১৮ জুন ২০২১খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

| পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - |

## বৃষ্টিপাতের তথ্যঃ

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| নারায়ণহাট | ১০০.০ | চট্টগ্রাম | ৯০.০ |
| চাঁদপুর | ৭৬.০ | রাঙ্গামাটি | ৬৫.০ |

গত ২৪ ঘণ্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| গ্যাংটক | ৯৫.০ | চেরাপুঞ্জি | ৩৪.০ |

## নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০১ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
| বৃদ্ধি | ৪৬ | গেজ পাঠ পাওয়া যায়নি | ডাটা সংগ্রহ শুরু হয়নি (০১ টি) |
| হ্রাস | ৫৪ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | ০০ | **বিপদসীমার উপরে** | ০ |

**অগ্নিকান্ডেরতথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৬ জুন, ২০২১খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৭ জুন, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১২ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতেরসংখ্যা নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৩ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ১ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ২ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | রংপুর | ৩ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ০ | ০ | ০ |
| ৮। | খুলনা | ১ | ০ | ০ |
| | | | | |
| | মোট | ১২ | ০ | ০ |

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ত্রাণ কার্যক্রমঃ**

১। ১৭/০৬/২০২১ তারিখে ২২৭ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কোভিড-১৯ সহ সাম্পতিক ঘূর্ণিঝড় 'ইয়াস' এর কারণে ক্ষতিগ্রস্থদের মাঝে মানবিক সহায়তা প্রদানের নিমিত্ত নিম্নে উল্লেখিত জেলাপ্রশাসকের অনুকুলে বরাদ্দ প্রদান করা হয়েছেঃ

| ক্রঃ নং | জেলার নাম | ত্রাণ কার্য (নগদ) অর্থ বরাদ্দের পরিমান (টাকা) |
|---|---|---|
| ১। | খুলনা | ৯০,০০,০০০/- (নব্বই লক্ষ) টাকা |
| ২। | সাতক্ষীরা | ৭০,০০,০০০/- (সত্তর লক্ষ) টাকা |
| ৩। | বাগেরহাট | ৯০,০০,০০০/- (নব্বই লক্ষ) টাকা |
| ৪। | পটুয়াখালী | ৮০,০০,০০০/- (আশি লক্ষ) টাকা |
| ৫। | বরগুনা | ৬০,০০,০০০/- (ষাট লক্ষ) টাকা |
| ৬। | পিরোজপুর | ৭০,০০,০০০/- (সত্তর লক্ষ) টাকা |
| ৭। | ভোলা | ৭০,০০,০০০/- (সত্তর লক্ষ) টাকা |
| ৮। | নোয়াখালী | ৯০,০০,০০০/- (নব্বই লক্ষ) টাকা |
| ৯। | লক্ষীপুর | ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা |
| | মোট= | ৬,৭০,০০,০০০/- (ছয় কোটি সত্তর লক্ষ) টাকা |

২। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ১৪/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০২৯.১৯.২১৬ নম্বর স্মারকের মাধ্যমে বরিশাল-২ নির্বাচনী এলাকার ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থদের বাড়ি-ঘরমেরামত/পুনঃনির্মাণের লক্ষ্যে মানবিক সহায়তা হিসেবে বিতরণের জন্য ২০০ (দুইশত) বান্ডিল ঢেউটিন এবং গৃহমঞ্জুররি বাবদ (৩০০০X২০০)= ৬,০০,০০০/- (ছয়লক্ষ) টাকা জেলাপ্রশাসক,

বরিশাল (বরিশাল-২ নির্বাচনী এলাকা উজিরপুর ও বানারীপাড়া উপজেলা এর অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে।

৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ০৯/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.২১০ নম্বর স্মারকের মাধ্যমে পাহাড় ধ্বসসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ দরিদ্র ও দুঃস্থ পরিবারের সাহায্যার্থে দেশের ৬৪ টি জেলার মোট ৪৫৭০ টি ইউনিয়নের প্রতিটির অনুকূলে ১,০০,০০০/- (একলক্ষ) টাকা হারে মোট ৪৫,৭০,০০,০০০/- (পঁয়তাল্লিশ কোটি সত্তর লক্ষ) টাকা মানবিক সহায়তা প্রদান করা হয়েছে।

৪। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ০৯/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.২১১ নম্বর স্মারকের মাধ্যমে পাহাড় ধ্বসসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ দরিদ্র ও দুঃস্থ পরিবারের সাহায্যার্থে দেশের ৬৪ টি জেলার মোট ৩২৯ টি পৌরসভার প্রতিটির অনুকূলে ১,০০,০০০/- (একলক্ষ) টাকা হারে মোট ৩,২৯,০০,০০০/- (তিন কোটি উনত্রিশ লক্ষ) টাকা মানবিক সহায়তা প্রদান করা হয়েছে।

৫। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ০৯/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.২০২ নম্বর স্মারকের মাধ্যমে পাহাড় ধ্বসসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের মাঝে মানবিক সহায়তা হিসেবে বিতরণের লক্ষ্যে ১০,০০,০০০/- (দশলক্ষ) টাকা জেলাপ্রশাসক, চট্টগ্রাম এর অনুকূলে বরাদ্দ দেওয়া হয়েছে।

| ক্রঃ নং | জেলার নাম | নগদ অর্থবরাদ্দের পরিমান (টাকা) |
|---|---|---|
| ১। | চট্টগ্রাম | ১০,০০,০০০/- (দশলক্ষ) টাকা |

১৮-৬-২০২১

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৯৩/১(১৭১)

তারিখ: ৪ আষাঢ় ১৪২৮ / ১৮ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯) জেলা প্রশাসক (সকল)

১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১৮-৬-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা